



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২২.১৩৯

তারিখ: ০১ জুন, ২০২২ খ্রি.

৮ম পর্বের পরীক্ষার্থীদের ১ম, ২য় ও ৩য় পর্বের মিসিং GPA এন্ট্রি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন মার্চ-এপ্রিল, ২০২২ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ৮ম পর্বের পরীক্ষার্থীদের ১ম, ২য় ও ৩য় পর্বের GPA নম্বর নির্ধারিত সময়ে এবং ২৫-০৫-২০২২ খ্রি. হতে ২৯-০৫-২০২২ খ্রি. তারিখের মধ্যে দেয়া সময়ের মধ্যেও অনেক প্রতিষ্ঠান অনলাইনে এন্ট্রি করেনি কিংবা “N/A” এন্ট্রি করেছে। ফলে এসকল পরীক্ষার্থীদের ফলাফল প্রকাশে জটিলতা সৃষ্টি হচ্ছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এসকল মিসিং GPA নম্বর অনলাইনে এন্ট্রি করার জন্য তৃতীয় ও শেষবারের মত আগামী ০২-০৬-২০২২ খ্রি. হতে ০৭-০৬-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত পুনরায় সুযোগ দেয়া হলো। উক্ত সময়ের মধ্যে এসকল মিসিং GPA নম্বরসমূহ অনলাইনে এন্ট্রি করার প্রক্রিয়া নিম্নে দেয়া হলো।

- **মিসিং GPA এন্ট্রি:** www.bteb.gov.bd > অনলাইন তথ্য প্রেরণ/গ্রহণ ব্লক > ডিপ্লোমা পর্যায় > Diploma in Engg. & Tourism GPA Submission Link এ প্রতিষ্ঠানের তথ্য দিয়ে লগইন করে Missing GPA এন্ট্রি করতে হবে। উল্লেখ্য যে, ৩য় বা ৪র্থ পর্বে সরাসরি ভর্তিকৃত শিক্ষার্থীদের GPA নম্বর প্রস্তুতের ক্ষেত্রে পরিচালক (কারিকুলাম) মহোদয়ের ২৪-০২-২০২১ ইং তারিখের স্বাক্ষরিত বিজ্ঞপ্তির নির্দেশনা অনুসরণ করতে হবে। বিজ্ঞপ্তির নির্দেশনাসমূহ নিম্নরূপ:
 - **প্রক্রিয়া - ০১:** শিক্ষার্থীদের সংশ্লিষ্ট পর্বের যে সকল বিষয়/ বিষয়সমূহ Makeup হিসেবে রয়েছে সে সকল বিষয়/ বিষয়সমূহের প্রাপ্ত GP এর গড় করে ঐ পর্বের ফলাফল প্রস্তুত করতে হবে। তাই, কোন পর্বে Makeup বিষয় থাকলে ঐ বিষয়ে পরীক্ষা না দিয়ে ঐ পর্বের GPA হিসাব করার কোন সুযোগ নেই।
 - **প্রক্রিয়া - ০২:** শিক্ষার্থীদের সংশ্লিষ্ট পর্বের কোন Makeup বিষয় না থাকলে শিক্ষার্থীরা ঐ পর্বের পূর্ণ GPA / (4.0) প্রাপ্ত হবে। নির্দেশনা মোতাবেক কোন পরীক্ষার্থীর GPA “N/A” হওয়ার কোন সুযোগ নেই। তাই, অনলাইনে এন্ট্রির সময় কোন ক্ষেত্রে “N/A” এন্ট্রি করা যাবে না।

উক্ত সময়ের মধ্যে অনলাইনে GPA নম্বরসমূহ এন্ট্রি করতে ব্যর্থ হলে এসকল পরীক্ষার্থীদের ফলাফল প্রকাশে জটিলতার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান / কেন্দ্রই দায়ী থাকবে।

বিষয়টি অতীব জরুরী।

০১-০৬-২০২২

(প্রকৌঃ মোঃ আবদুর রহমান)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০২-৫৫০০৬৫২৫

তারিখ: ০১ জুন, ২০২২ খ্রি.

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২২.১৩৯ (০৮)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট,
৪. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website এ প্রকাশ ও Online সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।
৫. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/বিতরণ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. নথি।

০১-০৬-২০২২

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোন: ০২-৫৫০০৬৫৩১